

## ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৪ উপলক্ষে প্রান্তিমূলক সভার কার্যবিবরণী :

সভাপতি	:	মোঃ নাজুল হক সুমন উপজেলা নির্বাহী অফিসার পীরগাছা, রংপুর
তারিখ	:	০৮/০৪/২০২৪ খ্রি.
স্থান	:	উপজেলা পরিষদ হলরুম
সময়	:	সকাল ১১.০০ ঘটকা

### সভায় উপস্থিত সদস্যবন্দের তালিকা পরিশিষ্ট ক দ্রষ্টব্য:

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই গভীর শুন্দাভরে স্মরণ করা হয় সর্বকালের সর্বশেষ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ দেশের জন্য আত্মাগ্রাহী সকল শহীদকে। গভীর শুন্দাভরে জাতীয় চার নেতা কে স্মরণ করা হয়। মাহান ঐতিহাসিক মুজিবনগর দিবসের গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে বলা হয়, ১৯৭১ সালের ইহিদিনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে মেহেরপুর জেলার বৈদ্যনাথতলায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার শপথ গ্রহণ করেন। এটি ছিল বাংলাদেশের প্রথম সরকার। এ সরকারের অধীনেই মুক্তিযুদ্ধ পরিচালিত হয় বিধায় ১৭ এপ্রিল বাংলাদেশের ইতিহাসে অত্যন্ত গুরুত্বপূর্ণ দিন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৭ এপ্রিল ২০২৪ যথাযথ মর্যাদায় ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২৭ মার্চ ২০২৪ তারিখের ৪৮,০০,০০০০,০০১,৫৭,০০১.৪৪-৬৯ নং স্মারকে প্রাপ্ত কার্যবিবরণীটি পাঠ করে শোনান। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের এর বর্ণিত পত্রের নির্দেশনা মোতাবেক যথাযথ মর্যাদায় আগামী ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৪ উদ্যাপনের নিমিত্ত উপস্থিত সদস্যদের কাছে তাদের মতামত ব্যক্ত করার আহ্বান করা হয়। উপস্থিত সকল সদস্য তাদের সুচিহিত মতামত ব্যক্ত করেন। সকলের মতামতের ভিত্তিতে এবং জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে নিম্নরূপ কর্মসূচি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

### কর্মসূচিসমূহ:

তারিখ ও সময়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১৭ এপ্রিল ২০২৪ সকাল ১০.০০ টা	ঐতিহাসিক মুজিবনগর দিবস উদ্যাপন উপলক্ষে উপজেলা পরিষদ হলরুমে মুক্তিযুদ্ধ বিষয়ক ডকুমেন্টারি ও ১৯৭১ সালের ১৭ এপ্রিল এর উপর ডকুমেন্টারি/প্রামাণ্যচিত্র প্রদর্শন।	সহকারী প্রোগ্রামার (আইসিটি), পীরগাছা, রংপুর
১৭ এপ্রিল ২০২৪ সকাল ১১.০০ টা	দিবসটি উদ্যাপন উপলক্ষে উপজেলা পরিষদ হলরুমে ঐতিহাসিক মুজিবনগর দিবসের পটভূমি ও তাৎপর্যের উপর ভিত্তি করে "ঐতিহাসিক মুজিবনগর দিবস এবং বাংলাদেশের স্বাধীনতা" শীর্ষক আলোচনা সভা।	উপজেলা প্রশাসন, পীরগাছা, রংপুর
১৭ এপ্রিল ২০২৪ বাদ যোহর/ সুবিধাজনক সময়ে	সকল মসজিদে বাদ যোহর দোয়া মাহফিলের আয়োজন এবং মন্দির, গীর্জা ও অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে দোয়া/প্রার্থনা আয়োজন।	ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, পীরগাছা, রংপুর এবং সভাপতি/সম্পাদক, হিন্দু বৌদ্ধ খ্রিস্টান এক্য পরিষদ, পীরগাছা, রংপুর। সভাপতি/সম্পাদক, বাংলাদেশ পূজা উদ্যাপন পরিষদ, পীরগাছা, রংপুর।
১৭ এপ্রিল ২০২৪ সকাল ৯.০০ টা	সকল গুরুত্বপূর্ণ সরকারি, বেসরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জাকরণ।	স্ব-স্ব কর্তৃপক্ষ
১৭ এপ্রিল ২০২৪ সকাল ৯.০০ টা	শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ঐতিহাসিক মুজিবনগর দিবসের পটভূমি ও তাৎপর্যের উপর ভিত্তি করে "ঐতিহাসিক মুজিবনগর দিবস এবং বাংলাদেশের স্বাধীনতা" শীর্ষক আলোচনা সভা, মোনাজাত/প্রার্থনার আয়োজন।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পীরগাছা, রংপুর এবং উপজেলা শিক্ষা অফিসার, পীরগাছা, রংপুর।

### সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ:

- ❖ উপজেলা পরিষদ হলরুমসহ ইউনিয়ন পরিষদের ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহে ঐতিহাসিক মুজিবনগর দিবস উদ্যাপন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক ডকুমেন্টারি ও ১৯৭১ সালের ১৭ এপ্রিল এর উপর ডকুমেন্টারি/প্রামাণ্যচিত্র প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।  
বাস্তবায়নে: সহকারী প্রোগ্রামার, আইসিটি এবং চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল), পীরগাছা, রংপুর।
- ❖ দিবসটি উপলক্ষে গৃহীত কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্ত নিরাপত্তা প্রদানের জন্য অফিসার ইনচার্জ, পীরগাছা থানাকে অনুরোধ করা হয়।।

- ❖ দিবসটি উপলক্ষে গৃহীত কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্ত সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিজিএম (পল্লীবিদ্যুৎ), পীরগাছাকে অনুরোধ করা হয়।
- ❖ উপজেলার গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ আলোকসজ্জাকরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, ৭নং পীরগাছা ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়।
- ❖ দিবসটি উপলক্ষে গৃহীত কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্ত উপজেলা পরিষদ চতুর পানি দ্বারা ভেজানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পীরগাছাকে অনুরোধ করা হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সফলভাবে কর্মসূচি সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নাজমুল হক সুমন  
উপজেলা নির্বাহী অফিসার  
পীরগাছা, রংপুর

নং- ০৫.৫৫.৮৫৭৩.০০১.০৪.০২১.২১- ১০২

তারিখ : ০৬/০৮/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ১। মাননীয় সংসদ-সদস্য ২২, রংপুর-৪ (পীরগাছা-কাউনিয়া নির্বাচনী এলাকা)
- ২। জেলা প্রশাসক, রংপুর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর।
- ৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর।
- ৫। উপজেলা ..... অফিসার, পীরগাছা, রংপুর।
- ৬। সভাপতি/সম্পাদক ..... পীরগাছা, রংপুর।
- ৭। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার ..... কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদরাসা, পীরগাছা, রংপুর।
- ৮। সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা কমান্ড কাউন্সিল, পীরগাছা, রংপুর।
- ৯। চেয়ারম্যান ..... (সকল), পীরগাছা, রংপুর।
- ১০। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, পীরগাছা, রংপুর।
- ১১। জনাব ..... পীরগাছা, রংপুর।

উপজেলা নির্বাহী অফিসার  
পীরগাছা, রংপুর